গাংনীতে শিশু ধর্ষণ মামলা কিশোর গ্রেফতার

মেহেরপুরের গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামে শিশু ধর্ষণ মামলায় নাসিম (১৬) নামের এক কিশোরকে গ্রেফতার করে আদালতে সোপর্দ করেছে গাংনী থানা পুলিশ।

গতকাল রবিবার রাতে শিশু ধর্ষণের ঘটনায় আজ সোমবার সকালে ওই শিশুর নানি জরিনা খাতুন গাংনী থানায় ধর্ষন মামলা দায়ের করেন। গাংনী থানায় মামলা নং-৩৬,তারিখ-২৭/০৩/২০২৩ইং। গ্রেফতারকৃত কিশোর নাসিম গাংনীর ছাতিয়ান গ্রামের কামার পাড়ার নজির হোসেনের ছেলে।

মামলার এজাহার সুত্রে জানা গেছে, গতকাল রবিবার সন্ধায় গাংনীর সম্পুর্ণা বিউটি পার্লারে কাজ শেষে বাড়ি ফিরছিল ১৪ বছর বয়সি বালিয়াঘাট গ্রামের এক শিশু। ওই সময় তার সাথে মুঠোফোনে যোগাযোগ হয় কিশোর নাসিমের। রাত ৯টার দিকে দুজুনের দেখা হয় বামন্দী আল ফালাহ ডায়াগনস্টিক সেন্টারের সামনে। সেখানে একটু কথা বলার জন্য একটি নির্মানাধীন ভবনের তৃতীয় তলায় নিয়ে যায় নাসিম। নাসিমের দুই বন্ধুকে পাহারায় রেখে সেখানে ওই শিশুকে জোর পুর্বক ধর্ষণ করে।

পরে ছাড়া পেয়ে স্থানীয় লোকজনকে ঘটনা খলে বল্লে স্থানীয়রা বিষয়টি বামন্দি পুলিশ ক্যাম্পে খবর দেয়। খবর পেয়ে বামুন্দি ক্যাম্পের এসআই ইসরাফিল হোসেন ওই শিশুকে উদ্ধার করে এবং অভিযুক্ত কিশোরকে মধ্যরাতে আটক করে। পরে শিশুটির নানি বাদি হয়ে সোমবার সকালে ধর্ষণ মামলা দায়ের করেন।

গাংনী থানার অফিসার ইনচার্জ(ওসি ) আব্দুর রাজ্জাক জানান,কিশোরের বিরুদ্ধে একটি ধর্ষণ মামলা দায়ের করেছেন। ওই মামলায় গ্রেফতার দেখিয়ে অভিযুক্ত নাসিমকে আদালতে সোপর্দ করা হয়েছে। বাকি দুই সহযোগীকে গ্রেফতারের চেষ্টা চলছে।